

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৮.২২-৮৬০

তারিখ: ০২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

বিষয়: মদিনাগামী হজযাত্রীদের জেদ্দায় না নেয়া।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সৌদিয়া এয়ারলাইন্স এর সিডিউল ফ্লাইটে প্রায় প্রতিদিনই বেশ কিছু সংখ্যক মদিনাগামী হজযাত্রীকে জেদ্দায় নিয়ে যাওয়া হচ্ছে। এতে ঐ সকল হজযাত্রীদেরকে দীর্ঘ বিমান ভ্রমণের পর আবার জেদ্দা থেকে ৪৫০ কিলোমিটার দূরে অবস্থিত মদিনায় সড়ক পথে নিয়ে যাওয়া হচ্ছে। এতে এ সকল হজযাত্রীদের অবর্ণনীয় ভোগান্তি হচ্ছে। এ বিষয়ে জনাব মো: জহিরুল ইসলাম, কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দাকে আজ রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় ডেকে নিয়ে জানান যে, রুট টু মস্কা করা হয়েছে হজযাত্রীদের কষ্ট লাগব করার জন্য। কিন্তু মদিনাগামী হজযাত্রীদের জেদ্দায় আনার মাধ্যমে তাদের কষ্ট দেয়া হচ্ছে, এরূপ কার্যক্রম থেকে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। বর্ণিত অবস্থায়, মদিনাগামী কোন হজযাত্রীকে জেদ্দাগামী বিমানে না পাঠানোর জন্য সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট হজ এজেন্সিকে অনুরোধ করা হলো। হজযাত্রীদের কষ্ট লাগব করা এবং বহিঃরাষ্ট্রে দেশের সম্মান রক্ষার্থে মদিনাগামী হজযাত্রীদের মদিনাগামী ফ্লাইটেই কেবল প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক:

- (১) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
- (২) কান্ট্রি ম্যানেজার, সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা।
- (৩) সিইও, ফ্লাইনাস এয়ারলাইন্স, ১১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ
বাংলামটর, ঢাকা।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
mail.morahajsection@gmail.com

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৮.২২-৮৬০

তারিখ: ০২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৩. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা
৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মস্কা, সৌদি আরব
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.mora.gov.bd প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাতারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়্যাপল্টন, ডিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো)
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ পত্রটি ওয়েবসাইটে www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১২. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, জনাব----- (২০২২ সালে অপারেটিং সকল হজ এজেন্সি)
১৩. অফিস কপি

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব